

# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 08 April, 2025

ভয়াবহ ভূমিকম্পে বিধ্বস্ত মিয়ানমারে আরও ১২০ মেট্রিক টন ত্রাণসামগ্রী পাঠিয়েছে বাংলাদেশ। মঙ্গলবার (৮ এপ্রিল) সকালে ক্যাপ্টেন মোহাম্মদ আরিফের নেতৃত্বে ত্রাণসামগ্রী নিয়ে দেশটির উদ্দেশ্যে চট্টগ্রাম বন্দর ত্যাগ করে নৌবাহিনীর জাহাজ 'বানৌজা সমুদ্র অভিযান'। ত্রাণ সহায়তা সার্বিক কার্যক্রম পরিদর্শন করেছেন নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল এম নাজমুল হাসান।

আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের নির্দেশনায় এবং সশস্ত্র বাহিনীর পৃষ্ঠপোষকতা ও তত্ত্বাবধানে মিয়ানমারকে মানবিক সহায়তা দেওয়া হচ্ছে।

সরকারের দুর্্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী, সেনাকল্যাণ সংস্থা এবং রেড ক্রিসেন্ট এ সহায়তার যোগান দিয়েছে। ১২০ টন ত্রাণসামগ্রীর মধ্যে রয়েছে ৭৭ মেট্রিক টন শুকনা খাবার, ৯ টনেরও অধিক তাবু এবং ব্যবহারযোগ্য বস্ত্রাদি, ২৯ মেট্রিক টন বিশুদ্ধ খাবার পানি, ৪ মেট্রিক টন হাইজিন কিট এবং প্রায় ১ টন প্রয়োজনীয় ওষুধ সামগ্রী।

শুক্রবার (১১ এপ্রিল) জাহাজটি মিয়ানমারের ইয়াঙ্গুন বন্দরে পৌঁছাবে বলে আশা করা হচ্ছে। সেখানে মিয়ানমার সরকারের প্রতিনিধি দলের কাছে ত্রাণসামগ্রী হস্তান্তর করে দেশে উদ্দেশ্যে ফিরবে জাহাজটি।

উল্লেখ্য, গত ২৮ মার্চ মিয়ানমার ও থাইল্যান্ডে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। বাংলাদেশ সরকার ইতোমধ্যে দুই ধাপে সেনাবাহিনী ও বিমানবাহিনীর মাধ্যমে ৩১ দশমিক ৫ মেট্রিক টন ত্রাণসামগ্রী, উদ্ধার ও চিকিৎসা সহায়তাকারী দল পাঠিয়েছে।

ভূমিকম্প মিয়ানমার ত্রাণ নৌবাহিনী প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস চট্টগ্রাম বন্দর

